৭।

# দৈনিক ইত্তেফাক

তারিখ 10 SEP 1989
পৃষ্ঠা ৩ কলাম ২

## নিরক্ষরকে অক্ষর জ্ঞান দানকরা শিক্ষিত সমাজের নৈতিক দায়িত্ব

—শেখ শহীদ

শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষিত জনগোষ্ঠির প্রতি নিরক্ষর মানুষকে অক্ষর জ্ঞান দান করার কাজে আগাইয়া আসার আহ্বান জানাইয়া বলিয়াছেন, আমাদের শিক্ষিত জনগোষ্ঠি তৈরী করিতে নিরক্ষর লোকের ট্যাক্সের পয়সাই মুখ্য ভূমিকা পালন করে এবং সে কারণেই তাহাদের নিরক্ষরতার অভিশাপ মুক্ত করিয়া তাহাদের সামনে জ্ঞানের বিশাল ভাণ্ডার

(৯ম পৃ: দ্র:)

### শেখ শহীদ

( ৩য় পৃ: পর )

উন্মোচিত করা শিক্ষিত সমাজের নৈতিক দায়িত্ব। মন্ত্রী গত শুক্রবার সকালে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে আহ্সানিয়া মিশন আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন। আহ্সানিয়া মিশনের পরিচালক কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে শিক্ষা সচিব হেদায়েত, আহমেদ বিশেষ অতিথি হিসাবে বক্তৃতা করেন। মূল প্রবন্ধ পাঠ করেন জাতীয় বিজ্ঞান যাদুঘরের পরিচালক ডঃ খান মোঃ সিরাজুল ইসলাম। সাক্ষরতার হার দ্রুত বৃদ্ধির মাধ্যমে দেশকে নিরক্ষরতার অভিশাপ মুক্ত করার ব্যাপারে সরকারী সদিচ্ছা ও প্রত্যয়ের কথা পুনর্ব্যক্ত করিয়া মন্ত্রী বলেন, প্রেসিডেন্ট এরশাদ ও তাহার সরকার আগামী দুই হাজার সালের মধ্যে সকলের জন্য শিক্ষার সুযোগ নিশ্চিত করিতে আন্তরিকভাবে প্রচেষ্টা চালাইয়া যাইতেছেন।

—তথ্য বিবরণী